Total number of printed pages: 4 (four) **DCBL-2021-101**

**2021**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 1st paper**

Bengali Language and Literature on Historical Perspective

Full Marks: 80 Time: 3 hours

**২০২১**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ১ম পত্র**

ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। শুদ্ধ উত্তরটি বেছে যথাস্থানে বসান : - ১ x ৫ = ৫

ক) পৃথিবীতে বাংলা ____ (৭ কোটি/২ কোটি/৩৩ কোটি) মানুষের মুখের ভাষা।

খ) বাংলা ভাষা পরিবারটি ____ (ইন্দো-ইউরোপীয়/ইতালীয়) ভাষা পরিবারের অন্তর্ভুক্ত।

গ) 'চর্যাপদ' পুথিটি আবিষ্কৃত হয় ____ (১৯০৭/১৯১১/১৯১৬) খ্রিস্টাব্দে।

ঘ) আকবরের আমলে ____(সিলেট/কাছাড়/প্রতাপগড় পরগণা) বাংলা সুবার অন্তর্গত ছিল।

ঙ) আকাশবাণীর শিলচর কেন্দ্রে বাংলা ছাড়া হিন্দি, মণিপুরি এবং ____ ভাষায় নিয়মিত অনুষ্ঠান প্রচারিত হয়। (ডিমাসা/কামতাপুরি/সাঁওতালি)।

২। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) বাংলা ভাষার আনুমানিক বয়স কত বছর?

খ) পৃথিবীতে প্রচলিত ও কথিত ভাষাগুলোর মধ্যে বাংলার স্থান কত?

গ) ভারতীয় আর্যভাষার প্রাচীনতম নমুনা আমরা কোথায় খুঁজে পাই?

ঘ) বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শন কোনটি?

ঙ) চর্যাপদের ভাষাকে কী ভাষা বলে?

চ) 'হা-বাংলা' শব্দটির অর্থ লিখুন।

ছ) বাংলা ভাষার উদ্ভব কত খ্রিস্টাব্দে?

অপর পৃষ্ঠায় দেখুন

৩। উত্তর লিখুন (যে কোন তিনটি) : - ২ x ৩ = ৬

ক) বাঙালি যে একটি মিশ্রজাতি-এর দু'টি প্রমাণ যুক্তি দিয়ে লিখুন।

খ) বাংলার ভূখণ্ড এবং বাংলা ভাষার ভূখণ্ড কি এক? যুক্তিপূর্ণ উত্তর দিন।

গ) বর্তমানে বাংলা সাধু ভাষার ব্যবহার আমরা কোথায় খুঁজে পাই?

ঘ) বাঙালি কা'দেরকে বলা হয়?

৪। শূন্যস্থান পূর্ণ করুন : - ১ x ৪ = ৪

ক) 'বাঙ্গালীর ইতিহাস' গ্রন্থের লেখক ____ (নীহাররঞ্জন রায়/আহমদ শরীফ)।

খ) নেপাল রাজকীয় গ্রন্থাগার থেকে চর্যাপদ সম্বলিত পুথিটি আবিষ্কার করেন ____ (মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী/লুইপাদ)।

গ) আর্যদের ভারতে প্রবেশ ও বসতি বিস্তারের সময়কাল আনুমানিক ____ (১৫০০/১৬০০/১৭০০) খ্রিস্ট পূর্বে।

ঘ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসের প্রখ্যাত কথাকার ____ (সুনীতিকুমার চট্টোপাধ্যায়/সেলিনা হোসেন)।

৫। চর্যার পদগুলোকে আধুনিক বাংলায় অনুবাদ করুন : - ২ + ৩ = ৫

ক) 'দেশিল ব-আন সবজন মিঠা'।

খ) ভাব না হোই অভাবন জাই / আইস মাংবোহেঁ কো পতিআই।

**অথবা**

উচা উঁচা পাবত তঁহি বসই সবরী বালী / মোরঙ্গি পীচ্ছ পরিহিণ সবরী গীবত গুঞ্জলি মালী।

৬। টীকা লিখুন (যে কোন দু'টি) : - $২^{১}/_{২}$ x ২ = ৫

সাধু ভাষা, ঋগ্বেদ, চর্যাচর্যবিনিশ্চয়, জীবন্ত ভাষা।

৭। উত্তর লিখুন : - ১ x ৬ = ৬

ক) তুর্কি আমলে বাংলায় কী ধরনের সাহিত্যের আত্মপ্রকাশ ঘটে?

খ) রামায়ণের রচয়িতা কে?

গ) 'শ্রীকৃষ্ণবিজয়' -কার রচিত?

ঘ) প্রাক্ চৈতন্যযুগের 'শ্রীকৃষ্ণকীর্তন' পুথি কত সালে আবিষ্কৃত হয়?

ঙ) 'মনসামঙ্গল' কাব্যে কোন দেবীর আরাধনা করা হয়?

চ) 'ধর্মমঙ্গলের' অধিষ্ঠিত দেবতা নারী না পুরুষ?

 অপর পৃষ্ঠায় দেখুন

৮। যে কোন দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) মঙ্গলকাব্য বলতে কী বোঝায়? এর প্রধান ধারা কী কী?

খ) 'আগমনী' ও 'বিজয়া' পদ বলতে কী বোঝায়? এ পদাবলীতে দেবী দুর্গাকে কোন রূপে দেখা হয়েছে?

গ) অষ্টাদশ শতাব্দীর দু'জন শাক্ত কবির নাম করুন।

ঘ) কৈশোরে রবীন্দ্রনাথ ঠাকুর বৈষ্ণব পদাবলির প্রভাবে প্রভাবিত হয়ে কোন্ কাব্য রচনা করেন? এ কাব্যের ভাষা কী ছিল?

৯। শূন্যস্থানে সঠিক উত্তর বসান : - ১ x ৫ = ৫

ক) বেদ, পুরাণ, উপনিষদ, পাঁচালি সবকিছুই ____ (কাব্যছন্দে/গদ্যছন্দে) রচিত।

খ) গদ্যের আবির্ভাব কালের বিচারে ____ (অর্বাচীন/প্রাচীন)।

গ) মহাভারতের কথা অমৃত সমান / কাশিরাম দাস কহে শুনে ____ (গুণবান/পুণ্যবান)।

ঘ) মেঘনারায়ণ ____ (কাছাড়ের/কোচবিহারের) রাজা ছিলেন।

ঙ) 'সাহিত্য-সম্রাট' শিরোপার অধিকারী হলেন ____ (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়/ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)।

১০। শুদ্ধ উত্তরটি বেছে লিখুন : - ১ x ৫ = ৫

| | | |
|---|---|---|
| ক) | রাজা প্রতাপাদিত্য চরিত্র | মাইবঙ |
| খ) | সিংহদ্বার | কমলাকান্তের দপ্তর |
| গ) | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | রাম রাম বসু |
| ঘ) | সবুজ পত্র | মুদ্রণযন্ত্রের কারিগর |
| ঙ) | পঞ্চানন কর্মকার | প্রমথ চৌধুরী |

১১। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন চারটি) : - ১ x ৪ = ৪

ক) সুরে পাঠ করা কবিতাকে কী বলা হয়?

খ) অষ্টাদশ শতকের একজন কবিয়ালের নাম করুন।

গ) 'শিশুশিক্ষা' বইটি কার লিখা?

ঘ) বাংলা কাব্যে আধুনিক যুগের সূচনা কবে হয়েছিল?

ঙ) 'সঞ্চয়িতা' কাব্যসংকলনের রচয়িতা কে?

চ) 'ঈশানের পুঞ্জমেঘ' কাব্য সংকলনে কোন অঞ্চলের কবিতা প্রকাশিত হয়েছে?

 অপর পৃষ্ঠায় দেখুন

১২। উত্তর লিখন (যে কোন দু’টি) : - ৩ x ২ = ৬

ক) কবিগুরু কতসালে নোবেল পুরস্কার পান? ইংরেজি গীতাঞ্জলির ভূমিকাটি কে লেখেন? এই ভূমিকাটির বাংল অনুবাদক কে?

খ) ‘রূপসী বাংলা’-র কবি বলতে কা'কে বোঝায়? তাঁর দু'টি প্রধান কাব্যগ্রন্থের নাম করুন।

গ) ‘বাংলা ভাষার তৃতীয় ভুবন’ বলতে কোন্ অঞ্চলকে বোঝায়? এ ভুবনের কয়েকজন কবির নাম লিখুন।

১৩। শূন্যস্থানে সঠিক উত্তর বসান : - ১ x ৬ = ৬

ক) উপন্যাস হল ____ (গদ্যে/পদ্যে) একটি বর্ণনামূলক উপস্থাপন।

খ) বাংলা উপন্যাসের সূচনা ____ (অষ্টাদশ/ঊনবিংশ) শতাব্দীতে।

গ) রবিনসন ক্রুশো উপন্যাসটির রচয়িতা ____ (ড্যানিয়েল ডিফো/বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়)।

ঘ) টেকচাঁদ ঠাকুর ____ (প্যারীচাঁদ মিত্রের/শরৎচন্দ্রের) ছদ্মনাম।

ঙ) ____ (শ্রীকান্ত/দুর্গেশনন্দিনী) সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত একটি উপন্যাস।

চ) ‘পথের পাঁচালী’ উপন্যাসের লেখক ____ (বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়/তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

১৪। উত্তর লিখুন (যে কোন দু'টি) : - ২ x ২ = ৪

ক) উপন্যাস কা’কে বলে? বাংলা সাহিত্যের দু'জন ঔপন্যাসিকের নাম লিখুন।

খ) ছোটগল্প বলতে কী বোঝায়? ছোটগল্পের আত্মপ্রকাশ কবে হয়েছিল?

গ) টীকা লিখুন (যে কোন একটি) : -

রবীন্দ্রনাথ ঠাকুর, মীর মশারফ হোসেন, মাইকেল মধুসূদন দত্ত।

১৫। প্রশ্ন অনুযায়ী উত্তর লিখুন : -

ক) নাটক বলতে কী বোঝায়? বাংলার গ্রামজীবনে যে লোকনাটক প্রচলিত ছিল এগুলোকে কী নামে আখ্যায়িত করা হয়? ১ + ২ = ৩

**অথবা**

কলকাতায় সর্বপ্রথম বাংলা নাটকের আত্মপ্রকাশ ঘটেছে কার হাত দিয়ে? প্রথম নাটক এবং নাট্যকারের নাম কী? ১ + ১ + ১ = ৩

খ) দ্বিজেন্দ্রলাল রায় কে ছিলেন? তাঁর লেখা দুটি বাংলা ঐতিহাসিক নাটকের নাম লিখুন। ২

গ) সাম্যবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে নাট্যকর্মীরা কী ধরনের নাটক লিখেছেন? তাদের অন্যতম প্রধান নাট্যকারের নাম কী? ২

- শেষ পৃষ্ঠা -